তারিখ ...14 SEP 1990 ... ... ...
পৃষ্ঠা... ৭ ......কলাম... ৩...

দৈনিক খবর

# উত্তেজনা ।। ঢাকা কলেজ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা কলেজ ক্যাম্পাসে গতকাল বৃহস্পতিবারও বিবদমান দু'টি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে উত্তেজনা বিরাজ করেছে। যেকোন অপ্রীতিকর ঘটনা নিয়ন্ত্রণের জন্যে কলেজ

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## উত্তেজনা

প্রথম পৃষ্ঠার পর

ক্যাম্পাসে দাঙ্গা পুলিশ মোতায়েন রাখা হয়েছে।

আগামী ১৬ই সেপ্টেম্বর অনুষ্ঠিতব্য ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে কলেজ ক্যাম্পাসে বুধবার ছাত্রদল ও ছাত্র লীগের কর্মীদের মধ্যে হাঙ্গামা শুরু হয়। ঐ দিন ক্যাম্পাসে প্রতিপক্ষের হাতে একজন ছাত্র ছুরিকাহত, ফাঁকা গুলী, ভাঙচুর এবং ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে।

গতকাল সকালের দিকে বিবদমান দু'দল ছাত্রের মধ্যে কথা কাটাকাটি হয়। ঐ সময় পুলিশী হুঁশিয়ারির কারণে পরিস্থিতি মারাত্মক আকার ধারণ করেনি। ছাত্র সংঘর্ষ নিয়ন্ত্রণের জন্য বুধবার দুপুর থেকে ঐ কলেজ ক্যাম্পাসে এক প্লাটুন দাঙ্গা পুলিশ মোতায়েন রাখা হয়েছে বলে পুলিশের একটি সূত্র জানিয়েছে।

12

29